**খানসামা উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ প্রণয়নে বিশেষ সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান সরকার, প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)
উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ : ১৫/১০/২০২৫ খ্রি.
সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি পরস্পরের সহযোগিতায় একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন এবং উপজেলা পরিষদের ন্যস্ত দপ্তরসমূহ ও ইউপি চেয়ারম্যানগণকে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ প্রণয়নের ক্ষেত্রে মতামত, পরামর্শ ও তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করার জন্য আহবান জানান।

তিনি আরও জানান যে, বাংলাদেশের সংবিধানের ৫৯-২(গ) অনুচ্ছেদে বলা হয়েছে যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জনসেবা ও অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (উপজেলা পরিষদ আইন, ২০০৯ ও সংশোধিত ২০১১) এর ৪২ ধারা মোতাবেক দেশের প্রতিটি উপজেলার জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা আইনগত বাধ্যবাধকতা রয়েছে। উপজেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ প্রণয়নে আজকের এ বিশেষ সভা আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি বিশেষ সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুরকে অনুরোধ জানান।

উপজেলা প্রকৌশলী জনাব মোঃ নুরুল ইসলাম সভায় বলেন যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মধ্যে উপজেলা পরিষদ অত্যন্ত গুরুত্বপূর্ণ। উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (সংশোধিত ২০০৯ ও ২০১১) এর ৪২ ধারায় উপজেলা পরিষদের জন্য একটি পঞ্চবার্ষিকী বা দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের কথা বলা হয়েছে। খানসামা উপজেলার উন্নয়নের জন্য প্রণীত পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ ইতোপূর্বেই শেষ হয়ে গেছে। বিগত বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক নয়। অর্থের অভাবে বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন বা বাস্তবায়ন করা সম্ভব হয়নি। জনগনের বৃহত্তর কল্যাণে কাজে আসবে এমন সম্ভাব্য গুরুত্বপূরণ উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে। তাছাড়া বিভিন্ন দপ্তরের মধ্যে দ্বৈততা পরিহার করে প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। তাই প্রকল্প গ্রহণের ক্ষেত্রে আরো বেশী সতর্ক হওয়া প্রয়োজন।

উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলার উন্নয়নের জন্য নতুন করে খানসামা উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০২৫-২০৩০ প্রণয়নের কাজ চলমান রয়েছ। বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ প্রণয়নে ভবিষ্যতে জনগুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য মতামত ব্যক্ত করেন। এক্ষেত্রে ২০২৫-২০২৬ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং ২০২৪-২০২৫ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত ২০২৫-২০২৬ অর্থবছরের রাজস্ব উন্নয়ন এর আওতায় প্রকল্প গ্রহণের লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যান কর্তৃক এবং বিভিন্ন দপ্তর হতে প্রস্তাবিত প্রকল্পসমূহ উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে প্রকল্পের যথার্থতা পরীক্ষা-নিরীক্ষা এবং কারিগরী বিশ্লেষণপূর্বক উন্নয়নের স্বার্থে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক দাখিলকৃত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত বাছাই কমিটির সকল সদস্যের ঐক্যমতের ভিত্তিতে সুপারিশকৃত প্রকল্পসমূহ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ প্রণয়নে অন্তর্ভূক্ত করার জন্য নিম্নোক্তভাবে সভায় উপস্থান করেন।

| ক্র: | প্রকল্পের অবস্থান | স্কীমের নাম |
|---|---|---|
| ০১ | ১নং আলোকঝাড়ী ইউপি | আলোকঝাড়ী ইউনিয়নের ২নং ওয়ার্ডে আলোকঝাড়ী মাহাবুরের বাড়ি হতে বাদশা বাজার যাওয়ার রাস্তায় মালেকের বাড়ির সামনে বক্স কালভার্ট নির্মাণ। |
| ০২ | ১নং আলোকঝাড়ী ইউপি | আলোকঝাড়ী ইউনিয়নের ৩নং ওয়ার্ডের সাজাপুর গাইনডুবা হরিবাসরের বারান্দা নির্মাণ ও সংস্কার। |
| ০৩ | ১নং আলোকঝাড়ী ইউপি | আলোকঝাড়ী ইউনিয়নের ৩নং ওয়ার্ডের সাজাপুর শালবাগান যাওয়ার রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ। |
| ০৪ | ১নং আলোকঝাড়ী ইউপি | আলোকঝাড়ী ইউনিয়নের ৮নং ওয়ার্ডের পানুয়াপাড়া জামে মসজিদের ওয়াশরুম ও ওযুখানা নির্মাণ। |
| ০৫ | ১নং আলোকঝাড়ী ইউপি | আলোকঝাড়ী ইউনিয়নের খানসামা হতে জয়গঞ্জ যাওয়ার রাস্তায় চেইনেজ ৫৭১.০০মি. Washout এরিয়া জরুরী মেরামতকরণ কাজ। |
| ০৬ | ১নং আলোকঝাড়ী ইউপি | আলোকঝাড়ী ইউনিয়নের খানসামা বাজারের মুক্তারের চাউলের দোকান হতে কাশেমের চাউলের দোকান পর্যন্ত রাস্তা সিসিকরণ ও অন্যান্য সংযোগ রাস্তাসমূহ সিসিকরণ। |
| ০৭ | ১নং আলোকঝাড়ী ইউপি | আলোকঝাড়ী ইউনিয়নের খানসামা বাজারের সাফিয়ারের মুদির দোকান হতে তাপসের কসমেটিক্সের দোকান পর্যন্ত রাস্তা সিসিকরণ। |

| | | |
|---|---|---|
| ০৮ | ১নং আলোকঝাড়ী ইউপি | আলোকঝাড়ী ইউনিয়নের ৬নং ওয়ার্ডের বাসুলী মৌজায় জাহাঙ্গীরের বাড়ি হতে আব্দুল হান্নানের বাড়ির পূর্ব পর্যন্ত রাস্তা সিসিকরণ। |
| ০৯ | ১নং আলোকঝাড়ী ইউপি | খানসামা শিশুপার্কের রাইডসমূহ মেরামত ও রংকরণ এবং বাউন্ডারীওয়াল রংকরণ। |
| ১০ | ১নং আলোকঝাড়ী ইউপি | উপজেলা পরিষদ জামে মসজিদ সংস্কার ও রংকরণ। |
| ১১ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ২নং ভেড়ভেড়ী ইউনিয়নের স্বাস্থ্য সেবার জন্য এ্যাম্বুলেন্স ক্রয়। |
| ১২ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ভেড়ভেড়ী ইউনিয়নের ৮নং ওয়ার্ডের ভেড়ভেড়ী গ্রামের আব্দুল্লাহ মাওলানার বাড়ির সামনে মোড়ে কালভার্ট নির্মাণ। |
| ১৩ | ৩নং আংগারপাড়া ইউপি | ৩নং আংগারপাড়া ইউনিয়নের ১নং ওয়ার্ডের সুবর্ণখুলী এসডিএফ অফিসের তিন রাস্তার মোড় হতে সলোমান মুন্সিপাড়া যাওয়ার রাস্তায় ইট দ্বারা সলিং রাস্তা নির্মাণ। |
| ১৪ | ৩নং আংগারপাড়া ইউপি | ৩নং আংগারপাড়া ইউনিয়নের ৪নং ওয়ার্ডের ইছামতি শাহপাড়া ইসলামী পাঠাগার ২য় তলা অসমাপ্ত ছাদ ঢালাই সমাপ্তকরণ। |
| ১৫ | ৩নং আংগারপাড়া ইউপি | ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদের মালামাল রাখার জন্য গোডাউনের অসমাপ্ত দরজা, সিড়ি, বারান্দা নির্মাণ ও রংকরণ। |
| ১৬ | ৩নং আংগারপাড়া ইউপি | ৩নং আংগারপাড়া ইউনিয়নের ৭নং ওয়ার্ডের মাহাদইপাড়া ছলেমানের বাড়ির পাকা রাস্তার মোড় হতে ছাত্তার মাস্টার বাড়ী যাওয়ার রাস্তা ভাঙ্গন রক্ষার্থে পুকুরের পাশে গাইডওয়াল নির্মাণ। |
| ১৭ | ৩নং আংগারপাড়া ইউপি | ৩নং আংগারপাড়া ইউনিয়নের ৯নং ওয়ার্ডের ছাতিয়ানগড় খবিরপাড়া ইসলামী পাঠাগারের বারান্দা ছাদ নির্মাণ। |
| ১৮ | ৩নং আংগারপাড়া ইউপি | ৩নং আংগারপাড়া ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডের অতি হতদরিদ্র ও শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে টিউবয়েল বিতরণ ও প্রতিস্থাপনকরণ। |
| ১৯ | ৩নং আংগারপাড়া ইউপি | ৩নং আংগারপাড়া ইউনিয়নের পাকেরহাট হতে বোর্ডের হাট যাওয়ার রাস্তায় আরাজী জুগীরঘোপা গ্রামে নুরুল মেম্বারের পাড়ায় অতিবৃষ্টিতে ভেঙ্গে যাওয়া রাস্তার সোল্ডার মেরামতকরণ। |
| ২০ | ৩নং আংগারপাড়া ইউপি | খানসামা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে-এ এন্টিভেনম (Antivenom) ও র‍্যাবিস (Rabies) ভ্যাকসিন ক্রয় ও সরবরাহ। |
| ২১ | ৪নং খামারপাড়া ইউপি | ৪নং খামারপাড়া ইউনিয়নের ৪নং ওয়ার্ডের খলিফা পাড়ার আলিবদ্দীন এর বাড়ি হতে জাহেদুলের খুলি পর্যন্ত পুকুরে গাইডওয়াল নির্মাণ। |
| ২২ | ৪নং খামারপাড়া ইউপি | ৪নং খামারপাড়া ইউনিয়নের ৪নং ওয়ার্ডের বালাপাড়া গ্রামের বাউরাপাড়া মোজাহিদের বাড়ী হতে নাজিরের বাড়ী পর্যন্ত পুকুরে গাইডওয়াল নির্মাণ। |
| ২৩ | ৪নং খামারপাড়া ইউপি | ৪নং খামারপাড়া ইউনিয়নের ৮নং ওয়ার্ডের আমিনুল মেম্বারপাড়া যাওয়ার রাস্তায় তালেবের পুকুর ধারে গাইডওয়াল নির্মাণ। |
| ২৪ | ৪নং খামারপাড়া ইউপি | ৪নং খামারপাড়া ইউনিয়নের ৭নং ওয়ার্ডের জলিল মেম্বারের পাড়ার পশ্চিম পার্শ্বে আত্রাই নদীর ধারে ঈদগাহ ময়দানের ভাঙ্গন রক্ষার্থে স্লো প্রটেকশন নির্মাণ। |
| ২৫ | ৪নং খামারপাড়া ইউপি | ৪নং খামারপাড়া ইউনিয়নের ২নং ওয়ার্ডের খামারপাড়া গ্রামের জহুরুলের বাড়ি হতে মসজিদ পর্যন্ত ড্রেন নির্মাণ। |
| ২৬ | ৪নং খামারপাড়া ইউপি | ৪নং খামারপাড়া ইউনিয়নের ৩নং ওয়ার্ডের নমির মেম্বারের বাড়ি যাওয়ার রাস্তায় কালভার্ট নির্মাণ। |
| ২৭ | ৪নং খামারপাড়া ইউপি | ৪নং খামারপাড়া ইউনিয়নের ৪নং ওয়ার্ডের সরকারপাড়া জামে মসজিদের পূর্ব পার্শ্বের কবরস্থানের বাউন্ডারীওয়াল নির্মাণ। |
| ২৮ | ৪নং খামারপাড়া ইউপি | খামারপাড়া ইউনিয়নের ভান্ডারদহ হতে নিউ পাকেরহাট যাওয়ার রাস্তায় বেলান নদীর পার্শ্বস্থ ভেঙ্গে যাওয়া অংশ মেরামত। |
| ২৯ | ৫নং ভাবকী ইউপি | ৫নং ভাবকী ইউনিয়নের কুমুড়িয়া কেন্দ্রীয় ঈদগাহ মাঠের গেট নির্মাণ ও কুমুড়িয়া কেন্দ্রীয় কবরস্থানের গেট নির্মাণ। |
| ৩০ | ৫নং ভাবকী ইউপি | ৫নং ভাবকী ইউনিয়নের আগ্রা দক্ষিণপাড়া জামে মসজিদ সংস্কার। |
| ৩১ | ৫নং ভাবকী ইউপি | ৫নং ভাবকী ইউনিয়নের রামনগর কবরস্থানের সীমানা প্রাচীর নির্মাণ। |
| ৩২ | ৫নং ভাবকী ইউপি | ৫নং ভাবকী ইউনিয়নের মাড়গাঁও গ্রামের আফাজ মেম্বারপাড়া হতে হাজিপাড়া যাওয়ার রাস্তায় জলপাইতলি নামক স্থানে কালভার্ট নির্মাণ। |
| ৩৩ | ৫নং ভাবকী ইউপি | ৫নং ভাবকী ইউনিয়নের মারগাঁও গ্রামের হেঞ্চাতলি হতে ঈদগাহ ময়দান যাওয়ার রাস্তায় পুকুরের পার্শ্বে গাইডওয়াল নির্মাণ। |
| ৩৪ | ৫নং ভাবকী ইউপি | ৫নং ভাবকী ইউনিয়নের রামনগর গ্রামের চেতনাপাড়া রাস্তা হতে বাহাশাহপাড়া জামে মসজিদ পর্যন্ত রাস্তা সলিংকরণ। |

| | | |
|---|---|---|
| ৩৫ | ৫নং ভাবকী ইউপি | ৫নং ভাবকী ইউনিয়নের রামনগর গ্রামের মকছেদ বিডিআর বাড়ীর নিকট রাস্তা হতে আজিমুদ্দীন শাহ জামে মসজিদ পর্যন্ত রাস্তা সলিংকরণ। |
| ৩৬ | ৫নং ভাবকী ইউপি | ৫নং ভাবকী ইউনিয়নের আগ্রা বায়তুস সভা মসজিদ হতে আজিজুলের বাড়ীর রাস্তায় আরসিসিকরণ। |
| ৩৭ | ৫নং ভাবকী ইউপি | ৫নং ভাবকী ইউনিয়নের আগ্রা গ্রামের সবুজের পুকুরের পার্শ্বে গাইডওয়াল নির্মাণ। |
| ৩৮ | ৬নং গোয়ালডিহি ইউপি | ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ চত্বরে আনসার ভিডিপি ক্লাব ও বায়ান্ন স্মৃতি ক্লাবের ঘরের টিন, দরজা, জানালা, মেঝে ও বারান্দাসহ ঢালাই ও সংস্কার। |
| ৩৯ | ৬নং গোয়ালডিহি ইউপি | ৬নং গোয়ালডিহি ইউনিয়নের গোয়ালডিহি মৌজার গোলা বাকালিপাড়া যাওয়ার রাস্তা সংলগ্ন পুকুরে গাইডওয়াল নির্মাণ। |
| ৪০ | ৬নং গোয়ালডিহি ইউপি | ৬নং গোয়ালডিহি ইউনিয়নের গোয়ালডিহি মৌজার বেশার পন্ডিতপাড়া শহিদ মুজাহিদের কবরস্থানের ও ফাগুনী জফুরতপাড়া কবরস্থানের বাউন্ডারীওয়াল নির্মাণ। |
| ৪১ | ৬নং গোয়ালডিহি ইউপি | ৬নং গোয়ালডিহি ইউনিয়নের গোয়ালডিহি মৌজার জমির শাহপাড়া ঈদগাহ মাঠে বাউন্ডারীওয়াল নির্মাণ। |
| ৪২ | ৬নং গোয়ালডিহি ইউপি | ৬নং গোয়ালডিহি ইউনিয়নের নলবাড়ী মৌজার বড়ডাঙ্গা শ্মশানঘরের উপরে এঙ্গেল ও সিমেন্ট টিন দ্বারা সংস্কার এবং ক্যাম্পেরহাট বাজারে পাবলিক টয়লেট নির্মাণ। |
| ৪৩ | ৬নং গোয়ালডিহি ইউপি | ৬নং গোয়ালডিহি ইউনিয়নের দুবলিয়া মৌজার বাহার শাহপাড়া জামে মসজিদে টাইলসকরণ। |
| ৪৪ | ৬নং গোয়ালডিহি ইউপি | ৬নং গোয়ালডিহি ইউনিয়নের গোয়ালডিহি মৌজার মন্ডলপাড়া জামে মসজিদে টাইলসকরণ। |

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বার্ষিক আর্থিক সামর্থ্য বিবেচনায় বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা প্রয়োজন। এ প্রসঙ্গে উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং রাজস্ব উদ্বৃত্ত বাজেট বিবেচনায় চাহিদা নির্ধারণ ও অগ্রাধিকার নির্ধারণ করা হয়েছে। উন্নয়ন চাহিদা অগ্রাধিকারকরণ বিষয়ে বিস্তারিত আলোচনার পর (১) কৃষি ও ক্ষুদ্রসেচ (২) বস্তুগত অবকাঠামো ও (৩) আর্থ সামাজিক অবকাঠামো এই তিনটি খাতে উন্নয়ন অগ্রাধিকার বিবেচনা করে খানসামা উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ প্রস্তুত করা হয়েছে।

**পর্যালোচনা :** উপজেলা নির্বাহী অফিসার উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২৫ মোতাবেক খাতওয়ারি বিভাজন অনুসরণপূর্বক বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় চাহিদা বিন্যস্ত করার আহবান জানান। উপজেলা প্রকৌশলীর মাধ্যমে উপস্থাপিত খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ বিষয়ে সকলে বিস্তারিত আলোচনা করেন এবং বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় খাত ভিত্তিক অর্ন্তভূক্ত প্রকল্প প্রয়োজনীয় সংশোধন, সংযোজন ও বিয়োজনের মাধ্যমে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ চূড়ান্ত করার বিষয়ে সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : (১) দ্বৈততা পরিহার করে জনগনের কল্যাণে গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

(২) সকলের মতামতের ভিত্তিতে খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ সংযোজন, বিয়োজন ও সংশোধন এবং উন্নয়ন চাহিদা সমন্বয়ের মাধ্যমে চূড়ান্ত করা হলো।

(৩) সকলের সিদ্ধান্ত মোতাবেক বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ অনুমোদন দেয়া হলো।

(৪) অনুমোদিত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ এর কপি সংশ্লিষ্ট সকল সদস্য, উপজেলা পরিষদের ওয়েবসাইট এ আপলোড করাসহ নোটিশ বোর্ডে প্রদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(৫) অনুমোদিত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ এর কপি উপজেলা পরিষদের ওয়েবসাইট এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, খানসামা, দিনাজপুরকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নে : উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১০/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)
উপজেলা পরিষদ
খানসামা, দিনাজপুর।

২৫/১০/২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।
www.khansama.dinajpur.gov.bd

স্মারক নং : ০৫.৫৫.২৭৬০.০০০.১৬.০০৯.২৫-৯১১(৫০) তারিখ : ১৫/১০/২০২৫ খ্রি.

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৪। উপজেলা ......................................................কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।
০৫। চেয়ারম্যান,...........নং....................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৬। জনাব/বেগম.........................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৭। সংশ্লিষ্ট নথি।

১৫/১০/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।
ফোন : ০২৫৮৯৯২৯৬০০ (অঃ)
মোবাইল নম্বর-০১৭৬১-৪৯৩৫২৯
মেইল : unokhansama@mopa.gov.bd

১৫/১০/২০২৫